

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
সম্প্রসারণ শাখা
www.brdb.gov.bd

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫১২.০৬.০০৩.২৪.২৫

বিষয়: আগস্ট/ ২০২৪ মাসের জেলার মাসিক সভা নির্ধারিত তারিখে আয়োজন না করা প্রসঙ্গে।

সূত্র: পত্র : ০১। সদর দপ্তর ঢাকা এরস্মারক নং ৪৭.৬২.০০০০.৫১২.০৬.২৪৩.১৬.৮০৭০; তারিখ: ১৬/১০/২০২২ খ্রি।

পত্র : ০২। ব্রাহ্মণবাড়িয়া জেলা দপ্তরের স্মারক নং ৪৭.৬২.১২.০০.১০০.০৬.০১৮ (৪).১০.৪৮২; তারিখ: ০২/০৯/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বিভাগের বিআরডিবি'র সকল জেলা দপ্তরের অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভা প্রতি মাসের ১১ তারিখে অনুষ্ঠানের নির্দেশনা আছে। কিন্তু ০২নং পত্রের আলোকে দেখা যায় আপনার জেলার জুলাই/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভা নির্ধারিত তারিখের পরিবর্তে ২৮-০৮-২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। এতে সদর দপ্তরে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় মহাপরিচালক মহোদয় গভীর অসন্তোষ প্রকাশ করেন। নির্ধারিত তারিখে জেলার মাসিক সমন্বয় সভা আহ্বান না করে আপনি উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করেছেন। যাহা চাকুরি শৃঙ্খলার পরিপন্থী ও অসদাচরণের সামিল। এহেন কার্যকলাপের জন্য আপনাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

০২। ভবিষ্যতে জেলার মাসিক সমন্বয় সভা নির্ধারিত তারিখে আহ্বানের ব্যর্থতার দায়ে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।



২৬-০৯-২০২৪
নাদিরা হায়দার
পরিচালক (সরেজমিন)

উপপরিচালকের কার্যালয়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৫১২.০৬.০০৩.২৪.২৫/১ (৫)

তারিখ: ১১ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা;
- ২। যুগ্মপরিচালক/ প্রকল্প পরিচালক/ কর্মসূচি পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা;
- ৩। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ);
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৫। সংশ্লিষ্ট নথি।



A handwritten signature in black ink, consisting of a stylized 'H' and 'A' followed by a horizontal line.

৩০-০৯-২০২৪
মোহাম্মদ হাবিবুল্লাহ
উপপরিচালক (সম্প্রসারণ)